

সোনারগাঁয়ে শিক্ষকের বিরুদ্ধে উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ

সোনারগাঁ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি

নারায়ণগঞ্জের সোনারগাঁ উপজেলার চরভূঙ্গা দক্ষিণপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিচালনা পরিষদের সভাপতির স্বাক্ষর জাল করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। বিদ্যালয়টির ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ওই পরিচালনা পরিষদের সভাপতির স্বাক্ষর জাল করে বিদ্যালয়ের মাসিক বিবরণী ফরম পূরণ করে উপজেলা শিক্ষা অফিসে জমা দিয়ে আসছিলেন। এ ছাড়াও বিভিন্ন অভ্যুহাত দেখিয়ে ওই ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক গরিব ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তির টাকাও আত্মসাৎ করে আসছিলেন। এ ব্যাপারে রোববার বিকালে বিদ্যালয়ের সভাপতি গোলাম হাফিজ নাসিম তদন্তপূর্বক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের বিরুদ্ধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলার শিক্ষা কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ দায়ের করেছেন। তবে এসব অভিযোগ অস্বীকার করেছেন ওই বিদ্যালয়টির ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আমির হোসেন। সর্গস্ত

সূত্রে জানা যায়, সম্প্রতি বিদ্যালয়ের সভাপতি তার স্বাক্ষর জাল করার বিষয়টি জানতে পেরে ওই শিক্ষকের কাছে এর সঠিক জবাব দাবি করেন। এ সময় শিক্ষক আমির হোসেন উল্টো তাকে শাসিয়ে লাঞ্ছিত করেন। এ ঘটনায় সভাপতি গোলাম হাফিজ নাসিম এর সঠিক তদন্ত দাবি করে রোববার দুপুরে সোনারগাঁ উপজেলা নির্বাহী কর্মকর্তা ও শিক্ষা অফিসারের বরাবর একটি লিখিত অভিযোগ দায়ের করেন। বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি গোলাম হাফিজ নাসিম জানান, স্বাক্ষর জাল করার ঘটনায় ওই শিক্ষকের বিরুদ্ধে তিনি স্থানীয় পংসদ সদস্য, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দায়ের করেছেন। এ ব্যাপারে চরভূঙ্গা দক্ষিণপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক যো. আমির হোসেনের সঙ্গে যোগাযোগ করা হলে তার বিরুদ্ধে অসীত সব অভিযোগ মিথ্যা ও বাস্তবায়িত বলে উল্লেখ করেন। তিনি বলেন, তার বিরুদ্ধে যত্নসহ করা হচ্ছে।